দৈনিক ইনকিলাব 074

তারিখ 25 SEP 1988
পৃষ্ঠা ... কলাম ...

# ভূগোল শিক্ষার প্রয়োজনীয়তা

।। পূর্ব প্রকাশিতের পর ।।

তখন হতে ভূগোল আলোচনায় দু'টি প্রধান পদ্ধতি লক্ষ্য করা যায়— (১) রীতি সঙ্গত (প্রণালীবদ্ধ) ভূগোল (Systematic Geography) এবং (২) আঞ্চলিক ভূগোল (Regional Geography) প্রাকৃতিক ও সামাজিক বিজ্ঞানসমূহের মাধ্যমে জ্ঞানের প্রসার বৃদিধ্র সঙ্গে সঙ্গে ঐ সকলের উপর নির্ভরশীল ভৌগোলিক ধারণাবলীর পরিপ্রেক্ষিতে-সুসম্বদ্ধ (রীতি-সঙ্গত) পদ্ধতিতে ভূগোল গ্রন্থ রচনার আগ্রহ জাগ্রত হয়। মানুষ প্রাকৃতিক সম্পদের খোঁজে নতুন নতুন অঞ্চলে পর্যটন করে থাকে এবং সেজন্যে স্বভাবতঃই অঞ্চল বিশেষের খুটিনাটির দিকে তার বিশেষ দৃষ্টিখআকৃষ্ট হয়। উনবিংশ শতাব্দীর শেষার্ধে এবং বিংশ শতাব্দীর শুরুতে আধুনিক ভূগোলবিদ হিসেবে ভিড্যাল ডি লা ব্লাচ-এর বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি ছিলেন একজন ফরাসী ভূগোলবিদ। তাঁর বক্তব্য ছিল কোন নির্দিষ্ট স্থানে দীর্ঘদিন যাবত বসবাসকারী মানবগোষ্ঠী এবং প্রকৃতির মাঝে যে পারস্পরিক ক্রিয়া ও প্রতিক্রিয়াসমূহ গড়ে ওঠে এ সম্পর্কে সমীক্ষা প্রকাশ করাই ভূগোলবিদদের কাজ। এবং তিনি একটি নির্দিষ্ট টার্ম বা বিষয়বস্তুর প্রস্তাব করলেন যা হলো, 'যে এলাকায় দীর্ঘ শতাব্দীতে মিথোস্ক্রীয়ার ফলে মানুষ এবং প্রকৃতির মাঝে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হয়েছে সেটি একটি স্থানিক একক বা অঞ্চল। এতক্ষণ আমরা ভূগোলের ক্রমবিকাশের একটি সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা করলাম। এখন নিম্নে ছকের সাহায্যে আমরা ভূগোলের আভ্যন্তরিক গঠন কাঠামো (Internal Structure) সম্পর্কে কিছু তথ্য তুলে ধরতে চাই।

ভূগোল দর্শন পদ্ধতিগত আঞ্চলিক প্রযুক্তিক প্রাকৃতিক মানবিক আঞ্চলিক সাংস্কৃতিক

বায়ুবিজ্ঞান ভূগোলের ইতিহাস অন্যান্য ভূমিরূপ বিদ্যা জলবায়ু বিদ্যা অন্যান্য অর্থনৈতিক ভূগোল নগর ভূগোল অন্যান্য ক্রান্তীয় ভূগোল শুস্ক ভূমির ভূগোল অন্যান্য ল্যাটিন আমেরিকার ভূগোল দক্ষিণ এশিয়ার ভূগোল অন্যান্য অংকনবিদ্যা কোয়ান্টিটেটিভ মেথড অন্যান্য প্রগাঢ় (Orthodox)

ইন্টিগ্রেটেড বিশেষভাবে পরীক্ষিত (Special analysis) বাস্তবিক পরীক্ষিত (Ecological analysis) আঞ্চলিক (Regional) তাত্ত্বিক ফলিত তাত্ত্বিক ফলিত তাত্ত্বিক ফলিত স্পেশিয়াল ইন্টার একশন তত্ত্ব ডিফিউশন তত্ত্ব অন্যান্য ওয়াটেরসড উন্নয়ন নগর সমস্যা অন্যান্য প্রাকৃতিক সম্পদ সম্পর্কিত ভূগোল হ্যাজার্ড এপ্রোসিয়াল অন্যান্য রি আঞ্চলিক জন্মতত্ত্ব ইন্টাররিজিওনাল ফ্লোতত্ত্ব অন্যান্য রিজিওনাল ফোরকাস্টিং আঞ্চলিক পরিকল্পনা অন্যান্য

পরিবেশগত কাঠামো ইকোসিস্টেমস অন্যান্য

ভূগোল পাঠের প্রয়োজনীয় অস্বীকার করার কোন উপায় নেই। ভূগোল হলো ব্যাপক বিষয়ের সংক্ষিপ্ত বিশ্লেষণ। কিন্তু অন্যান্য বিষয়ের পঠিতব্য বিষয় হলো সংক্ষিপ্ত বিষয়ে ব্যাপক জ্ঞান। ভূগোল জ্ঞান বৃদ্ধি করে; কৃষি কাজে সহায়তা করে, সতর্ক করে, খনিজ উত্তোলন ও শিল্পায়নে সহায়তা করে, যোগাযোগে সহায়তা করে।

ভূগোল গবেষণা কাজ বেড়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, পশ্চিম জার্মানী, কানাডা, অস্ট্রেলিয়া তথা এশিয়ার বিভিন্ন দেশে ভূগোলের ব্যাপক গবেষণা হচ্ছে। এ শতাব্দীতে মার্কিন যুক্তরাষ্ট্র এ দিক থেকে সর্বাগ্রে। এশিয়ার দেশগুলোর মাঝে গণচীন, বাংলাদেশ-এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। বাংলাদেশের জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় ভূগোলের ব্যাপক গবেষণা কার্য চালিয়ে যাচ্ছে। প্রখ্যাত ভূগোলবিদ প্রফেসর কে মওদুদ ইলাহী, মেসবা-উস সালেহীন, আবজাদ হোসেন চৌধুরী প্রমুখ শ্রদ্ধেয় শিক্ষকগণ নদীর ভাংগনের উপর গুরুত্বপূর্ণ গবেষণা কার্য চালিয়ে যাচ্ছেন। ডঃ দারা শামসুদ্দীন আবহাওয়া কার্যক্রমের উপর গুরুত্বপূর্ণ গবেষণা চালিয়ে যাচ্ছেন। ঢাকা আবহাওয়া কেন্দ্রের সহযোগিতায় এ বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগে একটি আবহাওয়া ক্লাব গঠন করা হয়েছে। এতে বিভাগের ছাত্র-ছাত্রীগণ স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করে চলেছেন। বিভাগের শিক্ষক ডঃ সাজায়াত আলী কৃষির উপর তাঁর গবেষণা চালিয়ে যাচেছন। ডঃশামসুল আলম, ডঃ রায়হান শরীফ শিক্ষকদ্বয় দূর অনুধাবন ও মহাকাশ গবেষণার উপর কাজ করে চলেছেন। উক্ত গবেষণা কার্য NASA কর্তৃক পরিচালিত হচেছ। প্রখ্যাত রসায়নবিদ বিজ্ঞানী প্রফেসর সৈয়দ শফিউল্লাহ এ গবেষণার সাথে অঙ্গাঅঙ্গিভাবে জড়িত আছেন।

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগ তথা বাংলাদেশের ভূগোলে গবেষণা কার্য যার দ্বারা বিশ্বে নন্দিত করেছে তিনি আজ আমাদের মাঝে নেই। প্রফেসর আ,ফ,ম, কামাল উদ্দীন-এর বিদেহী আত্মার প্রতি আমাদের তাই আজ সশ্রদ্ধ শ্রদ্ধাঞ্জলী। দেশের অন্যতম বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়েও ভূগোলের গবেষণা কার্য হচ্ছে। আমাদের দেশে আজ ভূগোলকে মাধ্যমিক পর্যায়ে বাধ্যতামূলক করা হয়েছে। এটা নিঃসন্দেহে প্রশংসার দাবীদার। আজকের ভূগোল-বিজ্ঞান এক চরম উন্নতির যুগে অবস্থান করছে। এ উন্নতির যুগেও আমাদের দেশে একশ্রেণীর শিক্ষিত লোক ভূগোলের কথা শুনে নাক সিটকান। এটা বাস্তবিক পক্ষেই তাদের অজ্ঞতা ছাড়া আর কিছুই নয়। যদি প্রশ্ন করা হয় পাক প্রণালী কি? কিংবা পারস্য উপসাগর কোথায়? কিংবা গাজা উপত্যকা কোথায়? তাহলে এ সকল গন্ডমুর্খরা এইসেই বলে নানা কথা বলেন, যা নাচতে না জানলে উঠান বাঁকা প্রবাদের মতই। আলোচনার পরিশেষে তাই আমি নিম্নলিখিত উদ্ধৃতিটুকু বলে শেষ করতে চাই— "Each new generation of geographers builds on earlier work but reinterprets its goal to match the prevailing scientific an social mores. Judging by the interests of the current generation of graduate students or current issues of radical jouranls such as antipode, geography is likely to become more strongly oriented toward applied fields and practical problems. The questions debated over coffee cups are outward looking socially relevent and action oriented."

**আখতার হামিদ খান (মিলন)**